

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৬ (জ) সালাতুল হাযত - ৮৮. সালাতুল হাযত কি? এটা কিভাবে আদায় করতে হয়?

প্রয়োজন পূরণের উদ্দেশ্যে যে সালাত আদায় করতে হয় সেটাকে বলা হয় সলাতুল হাযত। আল্লাহ তাআলা বলেন, "হে ঈমানদার বান্দারা! ধৈর্য ও সালাতের মাধ্যমে (আল্লাহর কাছে) তোমরা সাহায্য চাও।" (সূরা ২; বাকারা ১৫৩)

সাহাবী আবু দারদা (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (স) বলেছেন, যে ব্যক্তি তার কোন প্রয়োজন পূরণের জন্য ওযু করে এবং ওযূটি উত্তমরূপে করে, তারপর দু'রাকআত সালাত আদায় করে (হামদ ও দুরূদ পাঠ করে) নিমের দু'আটি পড়বে আল্লাহ তার প্রয়োজন পূরণ বা অভাব পূরণ করে দেবেন হোক তা দ্রুত বা বিলম্বে (ইবনে মাজাহ, মুসনাদে আহমাদ)। দুনিয়া ও আখেরাতের জন্য যাকিছু চাইবে তাই কবুল হবে ইনশা আল্লাহ। দু'আটি হলো,

"আল্লাহ ছাড়া আর কোন উপাস্য নেই যিনি ধৈর্যশীল উদার। আমি পবিত্রতা বর্ণনা করছি সেই আল্লাহর যিনি মহা আরশের মালিক! আর সমস্ত প্রশংসা সেই আল্লাহর যিনি বিশ্বজগতের প্রতিপালক। আমি তোমার কাছে তা চাচ্ছি, যা তোমার রহমতকে অপরিহার্য করে এবং তোমার ক্ষমাকে অবধারিত করে। আর প্রত্যেক পূণ্য থেকে উপকার পাবার এবং প্রত্যেক পাপ থেকে নিরাপদে থাকার কামনা করছি। তাই তুমি আমার কোন অন্যায়কে ক্ষমা না করে রেখে দিও না এবং কোন দুশ্চিন্তাকে দূর না করে রেখে দিও না। আর এমন কোন প্রয়োজন যাতে তোমার রেজামন্দি আছে তাকে পূরণ না করে রেখে দিও না, হে দয়াবানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ দয়াবান।(তিরমিয়ী, ইবনে মাজাহ, মিশকাত পূ. ১১৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12974

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন